

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ৩, ২০১০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ১৯ জ্যৈষ্ঠ ১৪১৭ বঙ্গাব্দ/২ জুন ২০১০ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ১৬০-আইন/২০১০—Emigration Ordinance, 1982 (Ordinance No. XXIX of 1982) এর section 19 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ওয়েজ আর্নাস কল্যাণ তহবিল বিধিমালা, ২০০২ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত প্রবিধানমালার—

(১) বিধি ৪ এর উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“২। বোর্ড নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা ঃ—

- (ক) সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, যিনি উহার চেয়ারম্যান হইবেন;
- (খ) জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহাপরিচালক বা তৎকর্তৃক মনোনীত অতিরিক্ত মহাপরিচালক;
- (গ) লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের অন্যান্য যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;
- (ঘ) যুগ্ম-সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়;
- (ঙ) মহাপরিচালক, পররাষ্ট্র মন্ত্রণালয়;

(৫১১১)

মূল্য ঃ টাকা ২.০০

- (চ) বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের অন্যান্য যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;
- (ছ) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অন্যান্য যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;
- (জ) ব্যাংকিং এবং আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অন্যান্য যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;
- (ঝ) বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট নির্বাহী পরিচালক;
- (ঞ) পরিচালক (কল্যাণ), জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, যিনি উহার সদস্য-সচিব হইবেন;
- (ট) বাংলাদেশ এসোসিয়েশন অব রিক্রুটিং এজেন্সীর (বায়রা) সভাপতি বা তৎকর্তৃক মনোনীত প্রতিনিধি।”

(২) বিধি ৭ এর উপ-বিধি (২) এর “ব্যুরোর মহাপরিচালক” শব্দগুলির পরিবর্তে “ব্যুরো মহাপরিচালক বা তৎকর্তৃক মনোনীত অতিরিক্ত মহাপরিচালক” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. জাফর আহমেদ খান  
ভারপ্রাপ্ত সচিব।